দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 22 SEP 1995 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৫ ...

৫৩

## আইআইটি'র সমাবর্তন

# মুসলিম দেশগুলোকে আধুনিক প্রযুক্তি ও ধ্যানধারণা গ্রহণ করতে হবে ॥ প্রধানমন্ত্রী

গাজীপুর, ২১ সেপ্টেম্বর (বাসস)।- প্রধানমন্ত্রী খালেদা জিয়া নতুন যুগের চ্যালেঞ্জ মোকাবিলা এবং তাদের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে মুসলিম দেশগুলোর প্রতি আরও আধুনিক প্রযুক্তি এবং জ্ঞান অর্জনের আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী আজ ইসলামী ইনস্টিটিউট অব টেকনোলজির (আইআইটি) নবম সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, ইসলামী দেশগুলো বর্তমানে নজিরবিহীন রাজনৈতিক, অর্থনৈতিক এবং একই সঙ্গে সামাজিক চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে।

জ্ঞান ও দক্ষতা অর্জনের গুরুত্বের ওপর বিশেষ জোর দিয়ে প্রধানমন্ত্রী বলেন, বর্তমান যুগ হচ্ছে নতুন নতুন ধারণা ও তথ্য অর্জনের এবং প্রতিযোগিতার যুগ। তিনি উল্লেখ করেন, এই প্রতিযোগিতা থেকে তাঁদের পিছিয়ে থাকা উচিত নয়।

এর আগে খালেদা জিয়ার নেতৃত্বে একটি শিক্ষা শোভাযাত্রা আইআইটি মিলনায়তনে সমবেত হয়। ইসলামী সেন্টার ফর টেকনিক্যাল এন্ড ভোকেশনাল ট্রেনিং এন্ড রিচার্স (আইসিটিভিটিআর)-এর নতুন নামকরণ করা হয়েছে ইসলামী ইনস্টিটিউট অব টেকনোলজি। প্রশাসনিক ভবন থেকে শুরু হয়ে শোভ যাত্রা আইআইটি মিলনায়তনের সেন্ট্রাল প্লাজায় গিয়ে সমবেত হয়। আইআইটি যাওয়ার পথে শিল্প নগরী টঙ্গীতে রাস্তার দু' ধারে দাঁড়ানো শত শত শ্রমিক খালেদা জিয়াকে অভিনন্দন জানান।

বর্ণাঢ্য সমাবর্তন অনুষ্ঠানে ওআইসি মহাসচিব ডঃ হামিদ আল গাবিদ, মন্ত্রীবর্গ, ঢাকায় নিযুক্ত বিভিন্ন ইসলামী দেশসমূহের কূটনৈতিকবৃন্দ, সাংসদ, শিক্ষাবিদ এবং অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

এ পর্যন্ত ওআইসি নিযুক্ত ৩৩টি সদস্য দেশ তাঁদের ছাত্রছাত্রীদের এই ইনস্টিটিউটে পাঠিয়েছে। আজ মোট ১শ' ১২ জন ছাত্র প্রধানমন্ত্রীর কাছ থেকে তাদের ডিপ্লোমা সার্টিফিকেট গ্রহণ করেন।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন, ইবনে খালদুন, ইবনে সিনা, আবু রুশদ, আল কেনদি, আল জাবির এবং আল ফারাবির ন্যায় মুসলিম পণ্ডিতরা তাঁদের প্রেরণার উৎস হতে পারেন। প্রধানমন্ত্রী ওআইসিভুক্ত সকল দেশ বিশেষ করে ধনী ইসলামী দেশগুলোর প্রতি বাধ্যতামূলক এবং একই সঙ্গে বৃত্তিমূলক দান প্রদানের আহ্বান জানিয়েছেন।

খালেদা জিয়া উল্লেখ করেন যে, ১৯৮১ সালে সাবেক রাষ্ট্রপতি মরহুম জিয়াউর রহমান আইসিটিভিটিআর-এর ভিত্তি প্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে ভাষণদানকালে ওআইসি মহাসচিব ডঃ হামিদ আল গাবিদ উল্লেখ করেন, ওআইসির ২৫তম বার্ষিকীর ঠিক ১০ দিন পর এই সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে।